**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 28.08.2026** **Desk in Charge : SDG**

**Time: 7-50 PM** **Edit & Compile : Shankar M.**

**DEO: KB** **NRT : Susmita Sen**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ নেপালে প্রাকৃতিক বিপর্যয়ে নিখোঁজদের মধ্যে এরাজ্যের একজনের সন্ধান পাওয়া গেছে। **#**ওই অঞ্চলে আজ মাঝারি মাপের এক ভূমিকম্পের পর নতুন করে হড়পা বাণের আশঙ্কায় সতর্কবার্তা জারি করা হয়েছে।

২/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ যাদবপুরে 'বন্দে মাতরম' কর্মসূচীতে দেশবিরোধী শক্তির বিরুদ্ধে লড়াই-এর ডাক দিয়েছেন। **#**আজ রাজ্য জুড়ে রাখী বন্ধন পালিত হচ্ছে।

৩/ কলকাতা হাইকোর্ট, RG KAR কান্ডের তদন্ত, তিন সপ্তাহের মধ্যে শেষ করতে CBI-কে নির্দেশ দিয়েছে।

৪/ উত্তর ২৪ পরগণার অশোকনগরে আজ বাণিজ্যিকভাবে তেল উত্তোলনের কাজ সফলভাবে শুরু হয়েছে।

৫/ ঘূর্ণাবর্ত এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার জন্য আগামী ২৪ ঘণ্টায় দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস।

********************************************************************

নেপালের ভয়াবহ আকস্মিক বন্যায় আটকে পড়া এরাজ্যের বাসিন্দাদের নিয়ে উদ্বেগের মধ্যেই কিছুটা স্বস্তির খবর মিলেছে। প্রাথমিকভাবে নিখোঁজ বলে আশঙ্কা করা ৩২ জনের মধ্যে একজনের সন্ধান মিলেছে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। তবে এখনও বাকি ৩১ জনের খোঁজ মেলেনি। তাঁদের সন্ধানে নেপালের প্রশাসন ও ভারতীয় দূতাবাসের সঙ্গে যোগাযোগ রেখে তৎপরতা চালানো হচ্ছে। এদিকে, পরিস্থিতি খতিয়ে দেখতে আজ রাত ৮টায় ভবানী ভবন থেকে অনলাইনে নিখোঁজ ব্যক্তিদের পরিবারের সদস্য এবং সংশ্লিষ্ট ট্যুর অপারেটরের সঙ্গে বৈঠক করবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ওই বৈঠকে উদ্ধারকাজের অগ্রগতি, প্রশাসনের পদক্ষেপ এবং পরিবারের উদ্বেগ-আশঙ্কার কথা শোনা হবে বলে নবান্ন সূত্রে জানা গেছে। কলকাতার ৩০ জন তীর্থযাত্রী ও দু'জন ট্যুর ম্যানেজার-সহ ৩২ সদস্যের একটি দল কৈলাস-মানস সরোবর যাত্রায় গিয়ে নেপাল-তিব্বত সীমান্তের রাসুওয়াগাধি এলাকায় আকস্মিক বন্যার কবলে পড়ে। বুধবার সকাল থেকে তাঁদের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। পরে জানা যায়, নিখোঁজদের মধ্যে একজন নিরাপদে রয়েছেন। তবে অন্যদের অবস্থান এখনও স্পষ্ট নয়। রাজ্য সরকার ইতিমধ্যেই কন্ট্রোল রুম এবং হেল্পলাইন চালু করেছে। প্রশাসনের পক্ষ থেকে নিখোঁজদের পরিবারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।

**********************************

নেপাল ও তিব্বতে হড়পা বাণে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- ৫৪৭ । এক হাজার ৫৪৫ জন এখনো নিখোঁজ। জীবিত ও মৃতদেহের সন্ধানে উদ্ধারকারী দলগুলি তল্লাশি চালিয়ে যাচ্ছে। দুর্গত জেলাগুলি থেকে কর্তৃপক্ষ ৮০০-র বেশী মানুষকে উদ্ধার করেছে। দক্ষিণ-পশ্চিম চীনে আজ পাঁচ দশমিক এক তীব্রতার ভূমিকম্পের পর আবার বন্যার আশঙ্কায় নতুন করে সতর্ক বার্তা জারি করা হয়েছে। ভোতেকোশী নদীর মোহনার কাছে নতুন করে কৃত্রিম হ্রদ সৃষ্টি হবার পর তা' ভেঙ্গে যাবার খবরে নতুন করে ওই অঞ্চলে উদ্বেগের সৃষ্টি হয়েছে।

**********************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দেশবিরোধী শক্তির বিরুদ্ধে লড়াই-এর ডাক দিয়েছেন। যাদবপুরের এইট বি-তে আজ 'বন্দে মাতরম' কর্মসূচিতে মুখ্যমন্ত্রী অভিযোগ করে বলেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন বিদেশী প্রভাব ছিল। বাম ও অতিবাম ছাত্র সংগঠনগুলির উদ্দেশ্যে তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয়ে দেশ বিরোধী শক্তিকে বাঁচিয়ে রাখা এবং সনাতনী ঐতিহ্যের অসম্মান করা হয়েছিল। পাশাপাশি নেতাজি এবং রবীন্দ্রনাথ ঠাকুরকেও অপমান করা হয়েছিল বলে তাঁর অভিযোগ।

( বাইট- শুভেন্দু )

পহেলগামে নিরীহ পর্যটকদের হত্যা করার পরেও এই বাম সংগঠনগুলি প্রতিবাদ জানায়নি। তবে 'অপারেশন সিঁন্দুর'-এর বিরুদ্ধে মিছিলে সামিল হয়েছিল বলে তিনি অভিযোগ করেন। এই বিশ্ব বিদ্যালয়ে 'আজাদি'র স্লোগান দেওয়া হয়। স্বাধীন দেশে কিসের আজাদির স্লোগান এবং মাদক সেবনের আজাদির স্লোগান কিনা, মুখ্যমন্ত্রী তা' নিয়ে প্রশ্ন তোলেন।

এর আগে সেখানে বহু কণ্ঠে 'বন্দে মাতরম' ধ্বনিত হয়। মুখ্যমন্ত্রী নিজে মঞ্চ থেকে নেমে রাস্তায় জাতীয় পতাকা হাতে বন্দে মাতরম-এর সঙ্গে কণ্ঠ মেলান।
মঞ্চে মন্ত্রী স্বপন দাশগুপ্ত, তাপস রায় সহ বিজেপি নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

*********************************

ভাই-বোনের স্নেহের সম্পর্কের উৎসব রাখি বন্ধন রাজ্যে আজ চিরাচরিত উৎসাহ উদ্দীপনার সঙ্গে পালিত হচ্ছে। সরকারি উদ্যোগে এই প্রথম রাজ্যের প্রতিটি জেলা, মহকুমা, ব্লক, পুরসভা, পঞ্চায়েত থেকে শুরু করে কলকাতা পুরনিগমের ওয়ার্ড স্তরে পালিত হয় 'রাখী বন্ধন উৎসব'। এই উপলক্ষে বিতরণ করা হয় প্রায় ২৫ লক্ষ ৬০ হাজার ৫০০টি রাখি।

শিলিগুড়িতে পর্যটনমন্ত্রী শংকর ঘোষ রাখিবন্ধন উৎসব উপলক্ষে বিভিন্ন কর্মসূচীতে অংশ নেন।

**পশ্চিম বর্ধমানের** শিল্পাঞ্চল আসানসোলে এক অনন্য রাখীবন্ধন উপলক্ষ্যে স্থানীয় রবীন্দ্রভবনে আয়োজিত বিশেষ অনুষ্ঠানে বৃহন্নলা সম্প্রদায়ের প্রতিনিধিরা, জেলাশাসক, আসানসোল উত্তরের বিধায়ক এবং বারাবনির বিধায়ক–এর হাতে রাখি

পরিয়ে দেন। দুর্গাপুরের কাঁকসায় ট্রাফিক গার্ডের পক্ষ থেকে হেলমেটহীন বাইক চালকদের হাতে রাখি বেঁধে দেন আধিকারিকরা।

নদিয়ার কৃষ্ণগঞ্জের গেদে সীমান্তে BSF জওয়ানদের হাতে রাখি পরিয়ে দেন স্থানীয় মহিলারা। একইসঙ্গে সীমান্ত দিয়ে আসা বাংলাদেশের নাগরিকদের হাতেও রাখি পরানো হয়।

মেখলিগঞ্জের ভারত-বাংলাদেশ সীমান্তে চ্যাংড়াবান্ধা ইমিগ্রেশন চেকপোস্ট-এ বাংলাদেশী নাগরীকদের রাখি পড়ানো হয়।

পুরুলিয়ার মানবাজারে মাধবপুর ফুটবল ময়দানে মুখ্যমন্ত্রীর রোপণ করা চারাগাছকে রাখি পড়ান এলাকার আদিবাসী মানুষজন।

***********************************

ছাত্র পরিষদের প্রতিষ্ঠা বার্ষিকীর মঞ্চ থেকে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী, শাসক দলের বিরুদ্ধে অত্যাচারের অভিযোগ করে বলেছেন, প্রয়োজনে তারা রাস্তায় নামবেন। ক্যাথিড্রাল রোডে তাদের এই ছাত্র সমাবেশে তৃণমূল কংগ্রেস আবার ক্ষমতায় আসবে বলে শ্রীমতী ব্যানার্জী দাবি করেন।

অন্যদিকে রাণী রাসমণি অ্যাভেনিউতে বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধায়, কলেজ বিশ্ব বিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচনের দাবী জানিয়ে অভিযোগ করেছেন যে, কালীঘাট তৃণমূলের সঙ্গে বিজেপির আঁতাত রয়েছে। নাহলে দুর্নীতির মাথারা ঘুরে বেরাতে পারে না।

***********************************

অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ক্যামাক স্ট্রিটের পার্টি অফিসের বিলবোর্ডে ভাঙার ঘটনায় কোন অন্তর্বর্তী নির্দেশ দিল না কলকাতা হাইকোর্ট।

বিচারপতি রাজা বসু চৌধুরী এদিন নির্দেশে জানিয়েছেন, যেহেতু বিলবোর্ড ইতিমধ্যে খুলে ফেলা হয়েছে সেই কারনে আপাতত এখানে কোন অন্তর্বর্তী নির্দেশ দেওয়ার প্রয়োজন নেই বলে মনে করছে আদালত। পাশাপাশি পার্টি অফিসের উপর যাতে কোন পদক্ষেপ না করা হয় সেই আবেদন করা হয়েছিল তৃণমূল কংগ্রেসের পক্ষ

থেকে। সেই ব্যাপারে বিচারপতি জানিয়েছেন, এই মুহুর্তে এই আশঙ্কা অমুলক বলেই মনে করছে আদালত। অনুমানের ভিত্তিতে আদালত কোন নির্দেশ দিতে পারেনা।

সব পক্ষকে মামলার কপি দিতে নির্দেশ দিয়েছেন বিচারপতি এবং দু'সপ্তাহের মধ্যে হলফনামা দিয়ে বক্তব্য জানাতে নির্দেশ দেওয়া হয়েছে সব পক্ষকে।

৯ নম্বর ক্যামাক স্ট্রিটে তৃণমূল কংগ্রেসের পার্টি অফিসের বিলবোর্ড সরানোর বিরুদ্ধে আজ জরুরি ভিত্তিতে মামলা দায়ের করেছিল তৃণমূল।

এই মামলায় ধৃত ১৩ জনকে আজ আদালতে তোলা হলে তেসরা সেপ্টেম্বর পর্যন্ত বিচার বিভাগীয় হেফাজতের নির্দেশ দেয়া হয়।

*********************************

RG KAR-এ অভয়ার ধর্ষণ ও খুনের ঘটনার তদন্ত, তিন সপ্তাহের মধ্যে শেষ করতে CBI-কে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

দুই বিচারপতি শম্পা সরকার ও তীর্থঙ্কর ঘোষের ডিভিশন বেঞ্চে আজ CBI-এর পক্ষ থেকে তদন্তের অগ্রগতি সংক্রান্ত একটি রিপোর্ট পেশ করা হয়। অভয়ার পরিবার যাদের জিজ্ঞাসাবাদের দাবি জানিয়েছিল তাদের মধ্যে ১৬ জনকে চিহ্নিত করে জেরা করা হয়েছে বলে এই রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

CBI-এর পক্ষ থেকে তদন্ত শেষ করতে আরো চার সপ্তাহ সময় চাওয়া হলেও ডিভিশন বেঞ্চ, তিন সপ্তাহের মধ্যে তদন্ত শেষ করার নির্দেশ দেয়।

২৪ শে সেপ্টেম্বর মামলার পরবর্তী শুনানি।

*********************************

উত্তর ২৪ পরগনার অশোক নগর থেকে আজ বাণিজ্যিকভাবে তেল উত্তোলন শুরু হলো। আনুষ্ঠানিকভাবে এর সূচনা করেন অশোকনগরের বিধায়ক ডাঃ সুময় হীরা। উপস্থিত ছিলেন তেল ও প্রাকৃতিক গ্যাস কমিশন ONGC-এর 'ডিরেক্টর অফ এক্সপ্লোরেশন' ওম প্রকাশ সিনহা সহ উচ্চপদস্থ আধিকারিকরা। আজ তেল ভর্তি ট্যাঙ্কার হলদিয়ার উদ্দেশ্যে যাত্রা করে।

উল্লেখ্য, ২০১৮ সালে অশোক নগরে খনিজ তেলের সন্ধান পায় ONGC। তৈরি করা হয় অশোকনগর সাইট ওয়ান।

**********************************

প্রধানমন্ত্রীর জনধন যোজনা আজ ১২ বছর পূর্ণ করল। ২০১৪ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই প্রকল্পের সূচনা করেন। দেশের অর্থনৈতিক ইতিহাসে এক গুরুত্বপূর্ণ মাইল ফলক এই প্রকল্পের আওতায় এপর্যন্ত ৫৭ কোটিরও বেশি অ্যাকাউন্ট খোলা হয়েছে। যাতে মোট জমার পরিমাণ ৩ লক্ষ ১৭ হাজার কোটি টাকা। প্রধানমন্ত্রী জনধন যোজনায় ৭৮ শতাংশ অ্যাকাউন্টই খোলা হয়েছে গ্রামীণ অথবা আধা শহরাঞ্চলে। ৫৬ শতাংশ অ্যাকাউন্টই মহিলাদের।

**********************************

পশ্চিমবঙ্গের মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে চলতি মাসে অন্তত ৬০ জন নবজাতকের মৃত্যুর খবরকে কেন্দ্র করে জাতীয় মানবাধিকার কমিশন রাজ্যের মুখ্য সচিবকে নোটিশ পাঠিয়েছে।

সংবাদমাধ্যমের একটি প্রতিবেদনের ভিত্তিতে স্বতঃপ্রণোদিত হয়ে বিষয়টি নিয়ে কমিশন দু সপ্তাহের মধ্যে এ বিষয়ে বিস্তারিত রিপোর্ট চেয়েছে।

কমিশন জানিয়েছে যে, সংবাদ প্রতিবেদনের তথ্য যদি সত্য হয়, তবে তা মানবাধিকার লঙ্ঘনের গুরুতর বিষয়। প্রতিবেদন অনুযায়ী, ওই ৬০ জন নবজাতকের মধ্যে ৪৪ জনকেই শারীরিক অবস্থার অবনতির কারণে অন্যান্য চিকিৎসা কেন্দ্র থেকে সেখানে রেফার করা হয়েছিল।

**********************************

উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ উপকূলের উপর একটি ঘূর্ণাবর্ত্য অবস্থান করছেন। আগামী ২৪ ঘণ্টায় যেটি ঘনীভূত হয়ে পশ্চিমবঙ্গ এবং উত্তর ওড়িশা উপকূলের ওপর নিম্নচাপ এলাকায় পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া বাঁকুড়ার ওপর দিয়ে বিস্তৃত হয়েছে সক্রিয় মৌসুমী অক্ষরেখা। এই দুই কারণে আগামী ২৪ ঘণ্টায় উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং হুগলি জেলায় বজ্রবিদ্যুৎ

সহ বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে। এছাড়া উত্তর চব্বিশ পরগনা এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় ভারী বৃষ্টির সতর্কতা দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

আগামীকালও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উপকূলীয় এলাকায় ৩৫ থেকে ৪৫ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে যা সর্বোচ্চ ৫৫ কিলোমিটার পর্যন্ত হওয়ার সম্ভাবনা। সেই কারনে মৎস্যজীবীদের আজ উত্তর বঙ্গোপসাগর এবং আগামীকাল থেকে ৩১ তারিখ পর্যন্ত পশ্চিমবঙ্গ, ওড়িশা এবং বাংলাদেশ উপকূল এলাকায় যেতে নিষেধ করা হয়েছে।

*******************************

শতবর্ষে পা দিয়েছে আকাশবাণী কলকাতা। এই ১০০ বছরে নানান বিবর্তন ঘটেছে আকাশবাণীর সংবাদেরও। কেমন ছিল শুরুর দিনগুলি, কেমন ছিল পরিবর্তিত হতে থাকা সংবাদের রূপ- এইসব নিয়েই নিজেদের অভিজ্ঞতা বিনিময় করেছেন আকাশবাণী কলকাতার সংবাদের বিভিন্ন বিভাগের পুরোধায় থাকা তিন প্রাক্তন বরিষ্ঠ আধিকারিক-শঙ্কর দাশগুপ্ত, শান্তনু পালোধি এবং সুনীত চক্রবর্তী। অনুষ্ঠানটির সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি প্রচারিত হচ্ছে দুটি ভাগে। দ্বিতীয় তথা শেষ পর্বের সম্প্রচার শোনা যাবে আগামিকাল- শনিবার রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH বাংলা পরিষেবায়। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও অনুষ্ঠানটি শোনা যাবে।

****************************************************************